

*[Handwritten signature]*

সংঘর্ষে জড়িত থাকার অভিযোগ

কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ জন ছাত্র বহিষ্কৃত

ময়মনসিংহ, ৩রা এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (বাকসু) ও হল সংসদের ১০ জন কর্মকর্তাকে আজ বিভিন্ন মেয়াদের জন্য বহিষ্কার করা হয়েছে।

গত ২১শে ফেব্রুয়ারী বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের (হা-জ) দু'টি গ্রুপের মধ্যে এক সংঘর্ষে জড়িত

থাকার দায়ে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট আজ এই ১০ জনকে বহিষ্কার করে।

গত ২৮শে মার্চ বোর্ড অব প্রেসিডেন্টসের সভায় এই ১০ জন ছাত্রকে বহিষ্কার করার জন্য সিন্ডিকেটের সুপারিশ করা হয়েছিল। বহিষ্কৃতরা হচ্ছে সোহরাওয়ার্দী হলের ভিপি এ, কে, এম হুমায়ুন কবীর ( ৩ ( ৭-এর পাতায় দেখুন )

সংঘর্ষে জড়িত

(১ম পাতার পর)

বছরের জন্য), ইশা খী হলের এজিএস চন্দন কুমার দত্ত (২ বছরের জন্য), বাকসুর মিলনায়তন সম্পাদক ও ছাত্রলীগ কৃষি বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মফিজুর রহমান, বাকসুর সদস্য আবু সাঈদ কামাল বাচ্চু, ইশা খী হলের জিএস হাবিবুল ইসলাম, শহীদ নাজমুল আহসান হলের জিএস মোহাম্মদ সেলিম খান, একই হলের সমাজকল্যাণ সম্পাদক শাহেদুল আলম খন্দকার (স্বপন), শহীদ জামাল হোসেন হলের আবদুস সালাম, একই হলের ক্রীড়া সম্পাদক হাসান তারেক (সেকু) ও ইশা খী হলের ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক নিতাই চন্দ্র রায়। বাকীরা সকলেই ১ বছরের জন্য বহিষ্কৃত হয়েছে। বহিষ্কৃতরা সকলেই ছাত্রলীগের সদস্য। বহিষ্কারাদেশ দেয়ার পর ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিবাদ মিছিল করেছে এবং উপাচার্য ও বোর্ড অব প্রেসিডেন্টসের কাছে এ ব্যাপারে একটি স্মারকলিপি পেশ করেছে।

বিমান

(১ম পাতার পর)

নয় এবং দুর্ঘটনার বৃদ্ধি। সম্প্রতি এক পত্রে বাংলাদেশ এয়ারলাইন পাইলটস এসোসিয়েশনের সভাপতি বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রীর কাছে জানিয়েছেন যে এটিপি বিমান সংযোজনের যে সিদ্ধান্ত নেয়া হয়েছে এসোসিয়েশন তার সঙ্গে ভিন্নমত পোষণ করে। বিমানটি বিশ্বব্যাপী বিভিন্ন বিমান সংস্থার আস্থা অর্জন করতে ব্যর্থ হয়েছে। এটিপি দক্ষিণ এশীয় দেশের আবহাওয়া ও পরিবেশ উপযোগী নয়। তাছাড়া কারিগরি ও পরিচালনার দিকটিও নির্ভরযোগ্য নয়।

পত্রে বলা হয়, যে কোন বিমান পরিচালনার জন্য বৈমানিকদের 'সিমুলেটর টেনিং' অপরিহার্য। অথচ এটিপি বিমানের বৈমানিকদের জন্য বিশ্বের কোথাও এই টেনিং-এর ব্যবস্থা নেই। কাজেই এতে বৈমানিকদের যথেষ্ট বৃদ্ধি থাকে। আর এ কারণে এই বিমান দুর্ঘটনার অবকাশ মুক্ত নয়। পত্রে বলা হয়, সম্প্রতি ভারতে যে বিমান দুর্ঘটনা ঘটেছে তাকে বৈমানিকরা 'টেস্ট কেস' হিসেবে বিমান ব্যবহারের পরিণাম বলে উল্লেখ করেছেন। এটিপি বিমান ক্রয় করে, 'টেস্ট কেস' হিসেবে ব্যবহার না করার জন্য বৈমানিকদের পক্ষ থেকে জানান হয়।

বৈমানিকদের পক্ষ থেকে এটিপি বিমান ক্রয়ের সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবী জানান হয়।

এখানে উল্লেখ্য, বাংলাদেশ বিমান প্রায় ৪ কোটি ৯৫ লাখ ডলার মূল্যে তিনটি এটিপি বিমান কেনার সিদ্ধান্ত নিয়েছে। এই বিমানের নির্মাতা বৃটিশ এরোস্পেস কোম্পানী।